**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/1/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

# গ্রীষ্মমন্ডলীয় নিম্নচাপ আইডা নিউ ইয়র্ক স্টেটকে ভারী বর্ষণ ও সম্ভাব্য বন্যা দ্বারা প্রভাবিত করার আশংকা থাকায় স্টেট পর্যায়ের সংস্থাগুলোকে জরুরি সাড়া প্রদানকারী সম্পদ প্রস্তুত করার জন্য গভর্নর হোচুলের নির্দেশ

***নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড, সাউদার্ন টিয়ার, মিড-হাডসন ও ক্যাপিটাল ডিস্ট্রিক্টে বৃহস্পতিবার পর্যন্ত ছয় ইঞ্চি বা তার বেশি বৃষ্টিপাত হতে পারে, যা ভ্রমণের জন্য ঝুঁকিপূর্ণ অবস্থা তৈরি করতে পারে***

***বৃহস্পতিবার সকাল পর্যন্ত ঝড়ো হাওয়া সহ শক্তিশালী বজ্রঝড় ডাউনস্টেটে আঘাত হানার পূর্বাভাস রয়েছে***

ঘূর্ণিঝড় আইডার অবশিষ্টাংশের কারণে আজ থেকে শুরু করে বৃহস্পতিবার পর্যন্ত ডাউনস্টেট এলাকাগুলোতে ছয় ইঞ্চি বা তার বেশি বৃষ্টিপাত হওয়ার আশংকা থাকায় গভর্নর ক্যাথি হোচুল আজ স্টেট পর্যায়ের সংস্থাগুলোকে জরুরি সাড়া প্রদানকারী সম্পদ প্রস্তুত করার নির্দেশনা দিয়েছেন, এই ঘূর্ণিঝড়ের কারণে কয়েকটি জায়গায় হঠাৎ বন্যা ও ভ্রমণের জন্য ঝুঁকিপূর্ণ অবস্থা সৃষ্টি করার সম্ভাবনা রয়েছে। আইডা অতিক্রম করে যাওয়ার সময় নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড, ও সাউদার্ন টিয়ার, মিড-হাডসন ভ্যালি ও ক্যাপিটাল ডিস্ট্রিক্টের এলাকাগুলোতে ছয় ইঞ্চি পর্যন্ত বৃষ্টিপাত হতে পারে, যা কিছু কিছু জায়গায় আরো বেশি হতে পারে। বৃহস্পতিবার সকাল পর্যন্ত ঝড়ো হাওয়া সহ শক্তিশালী বজ্রঝড়ের পাশাপাশি বিচ্ছিন্ন টর্নেডো দেখা দেওয়ার হুমকি রয়েছে, বিশেষ করে ডাউনস্টেট এলাকাগুলোতে। বৃহস্পতিবার দিনশেষে আইডা দ্রুত উত্তর-পূর্ব দিকে সরে যাবে এবং স্টেটের পূর্ব অংশগুলোতে গিয়ে বৃষ্টিপাত শেষ হবে বলে প্রত্যাশা করা হচ্ছে। স্থানীয় আবহাওয়ার পূর্বাভাসের দিকে নজর রাখার জন্য ও ঝড়ের আগে বা ঝড়ের সময় জারি করা সম্ভাব্য জরুরি অবস্থা সংক্রান্ত আদেশ অনুসরণ করার জন্য গভর্নর হোচুল নিউ ইয়র্কবাসীদের প্রতি সনির্বন্ধভাবে অনুরোধ জানিয়েছেন। নিউ ইয়র্ক স্টেটের সংস্থা ও কর্তৃপক্ষগুলো স্থানীয় মিউনিসিপ্যালিটি ও অংশীদারদের সাথে সম্পৃক্ত হয়েছে ও প্রয়োজন অনুযায়ী সাড়া দেয়ার জন্য প্রস্তুত রয়েছে।

"ঘূর্ণিঝড় আইডার অবশিষ্টাংশ বৃহস্পতিবার পর্যন্ত ডাউনস্টেট ও স্টেটের পূর্বাঞ্চলগুলো, যেমন নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড, ও সাউদার্ন টিয়ার, মিড-হাডসন ভ্যালি ও রাজধানী অঞ্চলের কিছু অংশে ভারী বর্ষণ ও সম্ভাব্য হঠাৎ বন্যা সহ আঘাত হানার পূর্বাভাস পাওয়া গেছে," **বলেছেন গভর্নর হোচুল।** "যদিও আমরা লুইজিয়ানা ও মিসিসিপি স্টেটে আঘাত হানা অনেক বেশি ভারী বর্ষণ বা গ্রীষ্মমন্ডলীয় শক্তিশালী ঝড়ো হাওয়ার আশংকা করছি না, গ্রীষ্মমন্ডলীয় নিম্নচাপ আইডা উত্তর-পূর্ব দিকে সরে যাওয়া অব্যাহত থাকায় আমরা নিউ ইয়র্কের কিছু অংশে

ছয় ইঞ্চি পর্যন্ত বৃষ্টিপাত দেখতে পারি। ভারী বর্ষণের পূর্বাভাস রয়েছে এমন এলাকাগুলোর লোকজনকে বন্যার জন্য প্রস্তুতি নেয়ার ও নিরাপদ থাকার জন্য আমি সনির্বন্ধভাবে অনুরোধ জানাচ্ছি। যদি আপনার ভ্রমণ করার প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে সতর্কতা অবলম্বন করুন ও প্রথমে স্থানীয় আবহাওয়ার অবস্থা চেক করে নিন।"

জাতীয় আবহাওয়া পরিষেবার (National Weather Service) ভাষ্যমতে বুধবার থেকে শুরু করে আইডার অবশিষ্টাংশ গ্রীষ্মমণ্ডলীয় নিম্নচাপ হিসেবে স্টেটের দিকে এগিয়ে আসার আশংকা রয়েছে, যা ভারী বর্ষণ নিয়ে আসবে যেটি বৃহস্পতিবার বিকাল পর্যন্ত অব্যাহত থাকবে। স্থানীয় পর্যায়ে উচ্চ মাত্রার বৃষ্টিপাত সহ ডাউনস্টেটের এলাকাগুলোতে তিন থেকে ছয় ইঞ্চির ব্যাপক বৃষ্টিপাত হওয়ার পূর্বাভাস রয়েছে, যার ফলে হঠাৎ বন্যা হওয়ার সম্ভাবনা রয়েছে, বিশেষ করে নদী ও খালের নিকটবর্তী এলাকাগুলোতে। আপস্টেট এলাকাগুলোতে বৃহস্পতিবার নাগাদ তিন ইঞ্চি পর্যন্ত বৃষ্টিপাত হতে পারে।

স্টেটব্যাপী একাধিক স্থানের জন্য বৃহস্পতিবার বিকাল পর্যন্ত হঠাৎ বন্যার সতর্কতা জারি করা হয়েছে। আপনার এলাকার জন্য আবহাওয়া সংক্রান্ত পরামর্শ, পর্যবেক্ষণ, ও সতর্কীকরণসমূহের পুর্ণাঙ্গ তালিকা পেতে, জাতীয় আবহাওয়া পরিষেবার ওয়েবসাইট দেখুন।

## এজেন্সির প্রস্তুতি

**ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (Department of Transportation, DOT)**
স্টেটের পরিবহন বিভাগ স্টেটজুড়ে 3,150 জনেরও বেশি সংখ্যক সুপারভাইজার ও অপারেটর নিয়ে সাড়া দানের জন্য প্রস্তুত রয়েছে। প্রয়োজনীয় যেকোনো ধরনের সাড়াদানকারী কর্মী হিসেবে কর্মীদেরকে নিয়োজিত করা যাবে (বন্যা, চিপার, লোড করা ও টানা, সিউয়ার জেট, কাটা ও ছুড়ে ফেলা, ট্র্যাফিক সিগনাল, ইত্যাদি)। দুর্যোগের সময়জুড়ে সাড়াদানের বিষয়টি ব্যবস্থাপনার জন্য DOT-এর 24/7 ইনসিডেন্ট কমান্ড সিস্টেম সক্রিয় করা হবে।

বর্তমানে, আঞ্চলিক কর্মীরা বৃষ্টি, বন্যা ও গাছ ভেঙ্গে পড়ার ক্ষেত্রে সাড়া দেয়ার জন্য প্রস্তুতি নিচ্ছেন, যার মধ্যে রয়েছে:

- ড্রেনেজ ইনলেট, কালভার্ট এবং অন্যান্য নিকাশী কাঠামোগুলি পরিদর্শন করা হচ্ছে এবং জমে থাকা ধ্বংসাবশেষ পরিষ্কার করা হচ্ছে। ইভেন্ট জুড়ে পরিদর্শন অব্যাহত থাকবে।
- সাধারণ অবস্থার সচেতনতা বজায় রাখতে নিয়মিত টহলদারী করা হবে।
- বন্যা/ধ্বংসাবশেষ প্রতিক্রিয়ার সরঞ্জাম (জেনারেটর, পাম্প, চেইন স, লাইট প্লান্টস, চিপার, গ্র্যাপল, হাতে ধরা সরঞ্জাম, ইত্যাদি) অবিলম্বে প্রেরণের জন্য প্রস্তুত করা হচ্ছে।

সমস্ত উপলব্ধ বৃষ্টি/বন্যা/বায়ুর বিরুদ্ধে প্রতিক্রিয়া সরঞ্জাম মোতায়েনের জন্য প্রস্তুত। স্টেটব্যাপী সরঞ্জামের সংখ্যাগুলো নিম্নরূপ:

- 1,326টি বৃহৎ ডাম্প ট্রাক
- 51টি লোডার- গ্র্যাপল সংযুক্তি
- 299টি লোডার
- সিউয়ার জেটসহ 18টি ভ্যাকুয়াম ট্রাক
- ট্র্যাকযুক্ত 33টি এক্সক্যাভেটর

- 43টি চাকা সহ খননকারী
- লোবয় ট্রেইলার সহ 52টি ট্র্যাক্টর ট্রেইলার
- 14টি ট্রি ক্রু বাকেট ট্রাক
- 36টি ট্র্যাফিক সিগন্যাল ট্রাক
- 6টি জলের পাম্প (4-6 ইঞ্চি)
- 77টি চিপার 10" (মিনিট) সক্ষমতাসম্পন্ন
- 50টি জেনারেটর

**থ্রুওয়ে অথরিটি (Thruway Authority)**

থ্রুওয়ে অথরিটি স্টেটজুড়ে ঝড় বা বন্যা সম্পর্কিত যেকোনো সমস্যায় সাড়া দেয়ার জন্য 655 জন সুপারভাইজার ও অপারেটর প্রস্তুত রেখেছে, সেইসাথে ছোট থেকে মাঝারি আকারের এক্সক্যাভেটর, প্লো/ডাম্প ট্রাক, বড় লোডার, পোর্টেবল VMS বোর্ড, পোর্টেবল লাইট টাওয়ার, অপেক্ষাকৃত ছোট আকারের জেনারেটর, অপেক্ষাকৃত ছোট আকারের পাম্প, ও সরঞ্জাম টানার ট্রেইলারের পাশাপাশি যেকোনো রাস্তা পরিবর্তন বা বন্ধ করার জন্য অন্যান্য ট্র্যাফিক নিয়ন্ত্রণের সাইন ও ডিভাইস লভ্য রয়েছে। পরিবর্তনশীল বার্তার সাইন, হাইওয়ে অ্যাডভাইজরি রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয় থ্রুওয়েতে আবহাওয়া সম্পর্কে গাড়ি চালকদের সতর্ক করার জন্য।

স্টেটব্যাপী সরঞ্জামের সংখ্যাগুলো নিম্নরূপ:

- 212টি বড় ডাম্প ট্রাক
- 102টি ছোট ডাম্প ট্রাক
- 62টি লোডার
- 28টি ট্রেইলার
- 8টি Vac ট্রাক
- 9টি ট্র্যাকযুক্ত এক্সক্যাভেটর
- 9টি চাকাযুক্ত এক্সক্যাভেটর
- 10টি ব্রাশ চিপার
- 100 চেইন-স
- 24টি এরিয়াল ট্রাক
- 22টি স্কিড স্টিয়ার
- 87টি পোর্টেবল জেনারেটর
- 69টি পোর্টেবল লাইট ইউনিট

থ্রুওয়ে কর্তৃপক্ষ তাদের মোবাইল অ্যাপ which ডাউনলোড করতে গাড়িচালকদেরকে উৎসাহিত করে যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসে ডাউনলোড করার জন্য বিনামূল্যে পাওয়া যায়। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের সরাসরি ট্রাফিক ক্যামেরা, রিয়েল-টাইম ট্রাফিক তথ্য এবং দিক-নির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে। এছাড়াও গাড়িচালকরা ট্রান্সঅ্যালার্ট (TRANSalert) ইমেইলের জন্য সাইন-আপ করতে পারেন, যা থ্রুওয়ের সর্বশেষ ট্র্যাফিক পরিস্থিতির তথ্য প্রদান করে, টুইটারে @ThruwayTraffic অনুসরণ করতে পারেন বা thruway.ny.gov এ যেতে পারেন যেখানে তারা থ্রুওয়ে ও নিউ ইয়র্ক স্টেটের অন্যান্য রাস্তার ট্র্যাফিক পরিস্থিতি প্রদর্শনকারী একটি ইন্টারেক্টিভ মানচিত্র দেখতে পারবেন।

**ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC)**
DEC পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, আপৎকালীন ব্যবস্থাপনা কর্মী এবং অঞ্চলের কর্মীরা সতর্ক আছেন এবং পরিস্থিতির পর্যবেক্ষণ করছেন এবং গুরুতর আবহাওয়ায় আক্রান্ত হতে পারে এমন এলাকা ও অবকাঠামোগুলোকে সক্রিয়ভাবে টহল দিচ্ছেন। যেকোনো জরুরি সাড়া প্রদানের ক্ষেত্রে সহায়তা করার জন্য সুইফটওয়াটার উদ্ধারকারী দলসহ লভ্য সব সম্পদ যথাস্থানে নিয়োজিত রয়েছে।

**অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশন (Office of Parks, Recreation and Historic Preservation)**
নিউ ইয়র্ক স্টেটের পার্ক পুলিশ (New York State Park Police) ও পার্কের কর্মীরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি ও প্রভাব নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। পার্কে গমনকারীদের পার্কের কর্মঘণ্টা, খোলার ও বন্ধ হওয়ার সময় সংক্রান্ত সর্বশেষ আপডেট জানতে parks.ny.gov ওয়েবসাইট চেক করা অথবা তাদের স্থানীয় পার্কের অফিসে ফোন করা উচিত।

**ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিস (Department of Public Service)**
স্টেটজুড়ে ক্ষতি মূল্যায়ন, সাড়া প্রদান, ও সংস্কার কার্যক্রম পরিচালনার জন্য নিউ ইয়র্কের ইউটিলিটি এজেন্সিগুলোতে আনুমানিক 5,500 জন কর্মী রয়েছে। ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিসেস (Department of Public Service) এর কর্মীরা ঝড়ের পুরো সময়জুড়ে ইউটিলিটি এজেন্সিগুলোর কার্যক্রমের ট্র্যাক রাখবে এবং সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হতে পারে বলে ধারণা করা এলাকাগুলোতে ইউটিলিটি এজেন্সিগুলোর যথাযথ কর্মী নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে।

**নিউ ইয়র্ক স্টেট পুলিশ**
স্টেট পুলিশ নৌকা সহ 12-জনের দুইটি সুইফটওয়াটার রেসকিউ টিম মোতায়েনের জন্য প্রস্তুত রাখবে, যার একটি টিম উলস্টার কাউন্টিতে অবস্থান করবে ও অন্যটি ব্রুম কাউন্টিতে অবস্থান করবে। ট্রুপাররা নিবিড়ভাবে অবস্থার তদারকি করবেন ও প্রয়োজন অনুযায়ী ক্ষতিগ্রস্ত এলাকাগুলোতে অতিরিক্ত কর্মী নিযুক্ত করা হবে। সকল ফোর-হুইল ড্রাইভ গাড়ি ও বিশেষায়িত যানবাহন, যেমন ইউটিলিটি টেরেইন ভেহিকেল সেবায় নিয়োজিত রয়েছে।

**নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority) | নিউ ইয়র্ক স্টেট ক্যানেল কর্পোরেশন (New York State Canal Corporation)**
গ্রীষ্মমন্ডলীয় নিম্নচাপ আইডার আঘাত মোকাবেলার জন্য প্রস্তুতি নিতে নিউ ইয়র্ক পাওয়ার অথরিট ও নিউ ইয়র্ক স্টেট ক্যানেল কর্পোরেশন অগ্রিম পদক্ষেপ গ্রহণ করছে, এই নিম্নচাপ ভারী বর্ষণ ও সম্ভাব্য হঠাৎ বন্যা নিয়ে আসবে বলে পূর্বাভাস পাওয়া গেছে। NYPA-র অপারেশন কর্মীরা ঝড়ের প্রস্তুতিমূলক কার্যপরিচালনা সম্পন্ন করেছে, সরঞ্জাম নিরীক্ষণ ও পরীক্ষা করেছে, এবং ঝড়ে সাড়া প্রদানের জন্য কেন্দ্রগুলো ও বিতরণের অবকাঠামো প্রস্তুত করতে কর্মীরা অব্যাহতভাবে দায়িত্ব পালন করে যাচ্ছেন। NYPA ও ক্যানেল প্রতিনিধিরা স্টেট, কাউন্টি ও স্থানীয় পর্যায়ের জরুরি অবস্থা ব্যবস্থাপনা কর্মকর্তাদের সাথে সমন্বয়ের উদ্দেশ্যে ঘনিষ্ঠ যোগাযোগ রক্ষা করছেন ও বিরূপ আবহাওয়ার সময়জুড়ে যোগাযোগ অব্যাহত রাখবেন। এছাড়াও NYPA এই ঝড়ের সাথে সম্পর্কিত লুইজিয়ানার ঝড়ের ক্ষেত্রে সাড়া দেয়ার জন্য

পারস্পরিক সহায়তা পরিকল্পনার ডাকেও অংশগ্রহণ করছে এবং প্রয়োজন সাপেক্ষে NYPA ট্রান্সমিশন ও অন্যান্য কর্মীদের পাঠানোর জন্য প্রস্তুতি নিয়ে অবস্থান করছে।

ক্যানাল কর্পোরেশন
গ্রীষ্মমণ্ডলীয় নিম্নচাপ আইডার সম্ভাব্য আগমনের জন্য প্রস্তুতির অংশ হিসেবে ক্যানেল কর্পোরেশন রটারড্যামের লক E-8 এবং ট্রাইবস হিলের লক E-12 এর মধ্যবর্তী অংশে এরি ক্যানেল ও মোহাক নদী সংলগ্ন অপসারণযোগ্য বাঁধগুলোর উপরের গেইটগুলো তুলে নিয়েছে। অপসারণযোগ্য বাঁধগুলোর উপরের গেইটগুলো তুলে নেয়ায় তা পানির স্তর কমিয়ে দিয়েছে এবং এটি এই অঞ্চলে সম্ভাব্য বন্যার ঝুঁকি ও খাল সম্পদের ক্ষতি প্রশমনের জন্য একটি অপরিহার্য পদক্ষেপ। পানির স্তর কমে যাওয়ার ফলে সম্ভাব্য ঝুঁকি এবং প্রত্যাশিত আবহাওয়া সম্পর্কে অবহিত করার জন্য ম্যারিনা, নৌযানের মালিক, জাহাজঘাটার মালিক, এবং অন্যান্যদের সাথে ক্যানেল কর্পোরেশন কাজ করেছে। 'ম্যারিনারদের জন্য বিজ্ঞপ্তি' শীর্ষক অ্যালার্টগুলোর মাধ্যমে ক্যানেল কর্পোরেশন প্রয়োজন অনুযায়ী জনসাধারণকে আপডেট জানাবে। জনসাধারণের সদস্যরা এই বিজ্ঞপ্তিগুলি পেতে সাইন আপ করতে পারেন এখানে।

মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথরিটি **(Metropolitan Transportation Authority)**
মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি তার পরিবহন নেটওয়ার্ক রক্ষা এবং নিরাপদ সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় সকল সতর্কতা অবলম্বন করছে। MTA এজেন্সিগুলি একসঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করছে, স্থানীয় অংশীদারদের সাথে সমন্বয় করে পরিকল্পনা তৈরি করতে যদি পরিষেবা প্রভাবিত হয়। কমিউটার রেলপথ, সাবওয়ে, ও সংস্থার সেতু ও টানেলগুলোতে অপরিহার্য ব্যাকআপ সরঞ্জাম MTA আগে থেকে প্রস্তুত করে রাখছে। সাবওয়েতে, রক্ষণাবেক্ষণ কর্মীরা বন্যার প্রবণতা থাকা এলাকাগুলোতে ট্র্যাক ড্রেইন পরিদর্শন করবেন এবং ট্র্যাক পাম্প ও স্টর্ম বক্সগুলো স্টেজ করবেন।

ভারী বর্ষণ ও দমকা হাওয়ার মধ্যে ভ্রমণের সময় গ্রাহকদেরকে বাড়তি সতর্কতা অবলম্বন করতে MTA উৎসাহিত করছে। এর মধ্যে রয়েছে ভ্রমণের জন্য বাড়তি সময় হাতে রাখা, প্ল্যাটফর্ম ও সিঁড়িতে হাঁটার সময় বাড়তি সতর্কতা অবলম্বন করা, পিচ্ছিল অবস্থার দিকে নজর রাখা এবং পড়ে থাকতে পারে এমন মাথার ওপরের গাছপালা বা তারের জন্য সচেতন থাকা।

বন্দর কর্তৃপক্ষ **(Port Authority)**
বন্দর কর্তৃপক্ষ এর সব ফ্যাসিলিটিগুলোতে আবহাওয়ার অবস্থা পর্যবেক্ষণ করা অব্যাহত রেখেছে। যাত্রীদেরকে লা গার্ডিয়া অথবা জন এফ. কেনেডি বিমানবন্দরের দিকে যাত্রা করার আগে তাদের ফ্লাইটের অবস্থা সম্পর্কে জানতে তাদের ক্যারিয়ারের সাথে যোগাযোগ করার পরামর্শ দেয়া হচ্ছে, কারণ আবহাওয়ার কারণে বিমানের ফ্লাইটে বিলম্ব ঘটার ও ফ্লাইট বাতিল হওয়ার সম্ভাবনা রয়েছে। যদি ঝড়ো হাওয়ার মতো অবস্থা দেখা দেয় তাহলে পোর্ট অথরিটির ক্রসিংগুলোতে গতি সংক্রান্ত বিধিনিষেধ এবং ট্রাক ও মোটরসাইকেল চলাচলে নিষেধাজ্ঞা আরোপ করা হতে পারে। বন্দর কর্তৃপক্ষের সব ফ্যাসিলিটি সম্পর্কে সর্বশেষ তথ্য জানতে, অনুগ্রহ করে সোশ্যাল মিডিয়া চেক করুন, PA অ্যালার্টের জন্য সাইন-আপ করুন অথবা PA মোবাইল অ্যাপগুলোর একটি ডাউনলোড করুন।

**<u>নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ</u>**

তীব্র বিরূপ আবহাওয়ার জন্য প্রস্তুতি নিন:

- আপনি যেখানে বসবাস করেন সেখানের কাউন্টি এবং নিকটবর্তী শহরগুলির নাম জানুন। গুরুতর আবহাওয়া সতর্কতা একটি কাউন্টির ভিত্তিতে জারি করা হয়।
- আপনার বাড়ির বা ব্যবসার থেকে নিরাপদ রুটটি শিখুন, যদি নিরাপদ স্থলে আপনার তাড়াতাড়ি চলে যেতে হয়।
- 'পরিবারসহ পলায়নের' একটি পরিকল্পনা প্রস্তুত এবং অনুশীলন করুন এবং পরিবারের সদস্যরা পৃথক হয়ে গেলে দেখা করার একটি নির্দিষ্ট স্থান চিহ্নিত করে রাখুন।
- আসবাব, পোশাক এবং অন্যান্য ব্যক্তিগত সম্পত্তি সহ সমস্ত মূল্যবান জিনিসগুলির একটি আইটেমকৃত তালিকা তৈরি করুন। একটি নিরাপদ স্থানে তালিকাটি রাখুন।
- কৌটাজাত খাবার, ঔষধ এবং প্রাথমিক চিকিৎসার সামগ্রী ও পানীয় জলের জরুরি সরবরাহ জমা করুন। পরিষ্কার, আবদ্ধ কন্টেইনারে খাবার পানি সংরক্ষণ করুন।
- আপনার পোষা প্রাণীর নিয়ে কী করবেন তা পরিকল্পনা করুন।
- একটি পোর্টেবল রেডিও, ফ্ল্যাশলাইট, অতিরিক্ত ব্যাটারি এবং উপলভ্য জরুরি রান্নার সরঞ্জাম রাখুন।
- আপনার গাড়িতে পর্যাপ্ত জ্বালানি ভরে রাখুন। যদি বিদ্যুৎ সরবরাহ বিচ্ছিন্ন হয়, তাহলে পেট্রোল স্টেশনগুলি বেশ কয়েক দিন জ্বালানি পাম্প করতে নাও পারে। দুর্যোগকালীন অত্যাবশ্যক সামগ্রীগুলির একটি ছোট কিট আপনার গাড়ির ট্রাঙ্কে রাখুন।

দুর্যোগকালীন অত্যাবশ্যক সামগ্রীগুলি নাগালের মধ্যে রাখুন, যার মধ্যে রয়েছে:

- টর্চলাইট এবং অতিরিক্ত ব্যাটারি
- ব্যাটারি চালিত রেডিও এবং অতিরিক্ত ব্যাটারি
- ফার্স্ট এইড কিট এবং ম্যানুয়াল
- জরুরি খাদ্য এবং জল
- অ-বৈদ্যুতিক ক্যান ওপেনার
- অত্যাবশ্যক ওষুধ
- চেকবুক, নগদ, ক্রেডিট কার্ড, এটিএম কার্ড

নিরাপত্তা সংক্রান্ত আরো পরামর্শের জন্য নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস এর নিরাপত্তা পরামর্শ ওয়েবপেইজ www.dhses.ny.gov/oem/safety-info/index.cfm দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন